Times Today BD

ঢাকা | 30 April, 2025

মুন্সীগঞ্জ সদর উপজেলায় দুর্বৃত্তদের হামলায় ১০টি ঘরবাড়ি ও ২টি পাকা ভবন ভাঙচুর ও লুটপাট করার অভিযোগ উঠেছে। মঙ্গলবার (২৯ এপ্রিল) রাত ৮টার দিকে চরকেওয়ার ইউনিয়নের উত্তর চরমশুরা গ্রামে এ ঘটনা ঘটে। হামলায় আহমদুল্লাহ ভূইয়া (৪০) নামে একজনকে পিটিয়ে আহত করা হয়েছে। এর ফলে গ্রামে ভীতিকর পরিবেশ সৃষ্টি হয়েছে। স্থানীয় সূত্রে জানা যায়, উত্তর চরমশুরা গ্রামে সোহেল মিজি, রজ্জব মিজি, রঞ্জু মিজি, নিরব মিজি সহ ৩০-৩৫ জনের একটি সংঘবদ্ধ দল দেশীয় অস্ত্র, লাঠি-সোটা নিয়ে হামলা চালায়।

এ সময় সৌদি আরব প্রবাসী আদম আলী মোল্লা, শাজাহান ভূইয়া, সাইফ আলী, হাকিম ভূইয়া, মঞ্জিল ভূইয়া সহ ১০টি বাড়িতে হামলা চালিয়ে ভাঙচুর ও লুটপাট করে। বুধবার বেলা ১১টার দিকে সরেজমিনে চরকেওয়ার ইউনিয়নের উত্তর চরমশুরা গ্রামে ঘুরে হামলায় ভাঙচুরের সত্যতা পাওয়া গেছে। দেখা যায়, প্রবাসী আদম আলীর তালাবদ্ধ বিল্ডিংয়ের সবগুলো কাঁচের জানালা ভেঙে ফেলা হয়েছে। শাহজাহান ভূইয়ার দোতলা পাকা ভবনের গেইট, কয়েকটি ঘরবাড়ি টিনের বেড়া ভাঙাচুড়া। ভুক্তভোগীদের বাড়িঘর পুরুষ শুন্য রয়েছে।

ভুক্তভোগীদের অভিযোগের মধ্যে প্রবাসী আদম আলীর স্ত্রী রিঙ্কি আক্তার বলেন, আমি বাড়িতে থাকি না, আমার স্বামী প্রবাসে থাকে। তারা আগে দলবদ্ধ হয়ে এসব কাজ করতো, তারই কারণে আমার ঘরবাড়ি ভাঙচুর করা হয়েছে।' আদম আলীর বড় বোন রাহেলা বেগম বলেন, রঞ্জু ও তার দল আমার ছোট ভাইয়ের বাড়িতে ভাঙচুর করেছে। আমরা প্রতিবাদ করলেও তারা আমাদের কথা শোনেনি। ভুক্তভোগী মঞ্জিল ভূইয়ার মেয়ে মুক্তা আক্তার

বলেন, আমার বাবা কৃষক।আমাদের বাড়ি সাবেক চেয়ারম্যানের বাড়ি হওয়ায় তারা আমাদের ঘর ভাঙচুর করেছে।এর আগে আমার ছোট ভাইকেও মারধর করেছে তারা।

আমরা কি বিচার পাবো না? শাজাহান ভূইয়ার মেয়ে সুইটি আক্তার বলেন, ওরা আমাদের বিল্ডিংয়ের গেট ভেঙে ভিতরে ঢুকে আমার বড় ভাই আহমদুল্লাহকে মারধর করেছে।আমাদের ঘরে থাকা প্রয়োজনীয় জিনিসপত্রও ভাঙচুর করেছে। এ বিষয়ে সোহেল মিজির মোবাইলে একাধিকবার যোগাযোগ করা হলেও তিনি ফোন রিসিভ করেননি। মুন্সীগঞ্জ সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল আলম জানান, হামলার ঘটনায় অভিযোগ পেয়েছি এবং ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

হামলা আহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 11 June, 2025 00:19

URL: https://timestodaybd.com/public/dhaka/7758071675